26 OCT 2017
6 2

[illegible]

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তিযুদ্ধ আজ শুরু

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷

চট্টগ্রাম বিশ্ববিদ্যলয়ে 'গ' ইউনিটের (ব্যবসায় শিক্ষা অনুষদ) পরীক্ষার মধ্য দিয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তিযুদ্ধ শুরু হচ্ছে আজ বৃহস্পতিবার। সকাল ১০টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ পরীক্ষা শুরু হবে। এ বছর 'গ' ইউনিটের ৭৫২টি আসনের বিপরীতে ১৪ হাজার ৩১০ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানায়, ভর্তি পরীক্ষার জন্য সব ধরনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এবার বিভিন্ন বিভাগে গড়ে প্রতি আসনের জন্য লড়ছে ২৬ জন শিক্ষার্থী। সবচেয়ে বেশি লড়াই হচ্ছে 'ঘ' ইউনিটে (সমাজবিজ্ঞান অনুষদ)। এখানে প্রতিটি আসনে ভর্তির জন্য লড়বে ৩৪ জন। বিশ্ববিদ্যালয়ের আটটি অনুষদের ৪৬টি বিভাগ ও পাঁচটি ইনস্টিটিউটে মোট চার হাজার ৯২৪টি আসনের বিপরীতে এক লাখ ২৬ হাজার ৫৭টি আবেদন জমা পড়েছে। এর মধ্যে 'ক' ইউনিটে (বিজ্ঞান অনুষদে) এক হাজার ৪৭৪টি আসনের বিপরীতে ৪৩ হাজার ১২৩ জন, 'বি' ইউনিটের (কলা ও মানববিদ্যা অনুষদে) এক হাজার ৫৫৪টি আসনের বিপরীতে ২৯ হাজার ৩১৩ জন এবং 'ডি' ইউনিটের (সমাজবিজ্ঞান অনুষদে) এক হাজার ১৪৪টি আসনের বিপরীতে ৩৯ হাজার ৩২২ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেছে। সব কটি ইউনিটের পরীক্ষা সকাল ১০টা থেকে শুরু হবে।